

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।
(www.bpsc.gov.bd)

বিজ্ঞপ্তি

নং-৮০.১০১.০১১.০০.০০.০৩৩.২০১৩. ৩৮

তারিখ : ১৪ /০২/২০১৭ খ্রিঃ।

বিষয় : স্থানীয় সরকার বিভাগের অধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সহকারী প্রকৌশলী(পুর)/উপজেলা সহকারী প্রকৌশলী পদের ১ ঘন্টা ব্যাপী MCQ পদ্ধতির বাছাই পরীক্ষা অনুষ্ঠান প্রসংগে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের অধীন, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সহকারী প্রকৌশলী(পুর)/ উপজেলা সহকারী প্রকৌশলী পদের ১ ঘন্টা ব্যাপী MCQ পদ্ধতির বাছাই পরীক্ষা আগামী ২৪/০২/১৭ খ্রিঃ তারিখ শুক্রবার সকাল ১০ টা থেকে ১১ টা পর্যন্ত নিম্নলিখিত কেন্দ্রে অনুষ্ঠিত হবে :

ক্রমিক নং	কেন্দ্রের নাম	রেজিঃ নম্বর	পরীক্ষার তারিখ, দিন ও সময়
১)	শেরে বাংলা নগর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, আগারগাঁও, ঢাকা।	০০০০০১- ০০১২০০ পর্যন্ত মোট ১২০০ জন।	২৪/০২/১৭ খ্রিঃ শুক্রবার সকাল ১০ টা থেকে ১১ টা পর্যন্ত
২)	শেরে বাংলা নগর সরকারী বালক উচ্চ বিদ্যালয়, আগারগাঁও, ঢাকা।	০০১২০১-০০২৪৩৫ পর্যন্ত মোট ১২৩৫ জন।	

পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলীঃ

পরীক্ষার তারিখ, দিন ও সময়	নির্ধারিত সময়	পরীক্ষার্থীদের করনীয় কাজ
২৪/০২/১৭ খ্রিঃ শুক্রবার সকাল ১০ টা থেকে ১১ টা পর্যন্ত	সকাল ৯.১৫ মিৎ: সকাল ৯.২০ মিৎ: সকাল ১০.০০টা সকাল ১১.০০ টা	পরীক্ষার্থীগণ নির্ধারিত হলে নিজ নিজ কক্ষে প্রবেশ করবেন। পরীক্ষার্থীগণকে উত্তরপত্র দেয়া হবে। পরীক্ষার্থীগণ উত্তরপত্রে নিজ নাম, জেলা এবং রেজিঃ নম্বর কালো বলপয়েন্ট কলম দিয়ে লিখবেন এবং স্বাক্ষর করবেন। উত্তরপত্রের সংশ্লিষ্ট বৃত্তগুলো কালো কালির বলপেন দিয়ে ভরাট করবেন। পরীক্ষার্থীগণ হজিরা তালিকায় স্বাক্ষর করবেন। এ সময় প্রবেশপত্র খুলে টেবিলের উপর রাখতে হবে; কারণ পরিচিতি প্রতিপাদন পরীক্ষা করে তাদের প্রার্থীতা যাচাই করা হবে। পরীক্ষার্থীগণকে প্রশ্নপত্র দেয়া হবে এবং মূল পরীক্ষা শুরু হবে। পরীক্ষার্থীগণ উত্তরপত্রে কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে বৃত্ত ভরাট করবেন। অতঃপর উত্তর দান শুরু করবেন। পরীক্ষা শেষ হবে। পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র গণনা করে বুরো নেয়ার পর পরীক্ষার্থীগণ পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন। প্রশ্নপত্র পরীক্ষার্থীগণ নিয়ে যাবেন। পরীক্ষা শেষ হবার ঘট্টা বাজার পর কোন প্রার্থী আর কোন প্রশ্নের উত্তরদানের চেষ্টা করবেন না; অন্যথায় পরীক্ষা বাতিল হবে।

- (১) কোন প্রার্থীর রেজিঃ নম্বর ৬ (ছয়) ডিজিটের কম হলে বাম দিকের ঘর/ঘরগুলো শুন্য দিয়ে পূরণ করে রেজিঃ নম্বরের ডিজিট সমূহ বল পয়েন্ট কলম দিয়ে প্রযোজ্য ঘরে লিখে নিচের প্রযোজ্য বৃত্তগুলো কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে ভরাট করবেন। কোন প্রার্থীর প্রবেশপত্রে প্রদত্ত রেজিঃ নম্বর অস্পষ্ট হলে তা কমিশন সচিবালয়ের প্রধান কার্যালয়, ঢাকা হতে যথা সময়ে সঠিকভাবে জেনে নিতে হবে। প্রার্থীরা এ সংক্রান্ত অতিরিক্ত তথ্য কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd থেকে পেতে পারেন।
- (২) প্রার্থীদের প্রবেশপত্রে যাই লেখা থাকুক না কেন সকাল ৯ টা ৪৫ মিনিটের পর কোন প্রার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।
- (৩) প্রশ্নপত্র দেয়ার পর কোন পরীক্ষার্থী পুনরায় প্রবেশের অভিপ্রায়ে পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।

- (৪) প্রার্থীদের বাছাই পরীক্ষার প্রবেশপত্র ইতোমধ্যে ডাকযোগে প্রেরণ করা হয়েছে। কোন প্রার্থী প্রবেশপত্র না পেয়ে থাকলে কিংবা প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে অথবা যুক্তি সঙ্গত কারণে বিনষ্ট হলে সংশ্লিষ্ট থানায় জি,ডি করে তার কপিসহ আগামী ২২ ও ২৩ ফেব্রুয়ারী ২০১৭ তারিখে ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ পরিচালক (ইউনিট-১) থেকে অফিস চলাকালীন সময়ে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন।
- (৫) পরীক্ষায় সাধারণ ক্যালকুলেটর (সান্তিফিক ক্যালকুলেটর নয়) ব্যবহার করা যাবে। কিন্তু বইপুস্তক, ব্যাগ, ঘড়ি, মানিব্যাগ, মোবাইল ফোন বা কোন প্রকার যোগাযোগ যন্ত্র কোনক্রমেই সাথে আনা বা ব্যবহার করা যাবে না।
- (৬) এ পরীক্ষায় যে কোন রকম অসদুপায় অবলম্বনের জন্য পরীক্ষার্থীকে হল থেকে বহিক্ষার করা হবে। কোন পরীক্ষার্থী পরীক্ষায় নকল করলে বা অন্য কোন অসদুপায় অবলম্বন করলে বা কোন অসদাচরনের জন্য দোষী সাবাস্ত হলে তাকে ভবিষ্যতে কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোন পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না এবং কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোন পদের জন্য তিনি আবেদন করতে পারবেন না। এছাড়া ক্ষেত্র বিশেষে মামলা দায়ের পূর্বক আইন প্রয়োগকারী সংস্থার হাতেও উক্ত পরীক্ষার্থীকে সোপর্দ করা হবে।

পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করলে

চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অবোগ্যতা হিসেবে বিবেচিত হবে

২৩/২/২০১৭
(শেখ শাখাৱৰাণ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার), (যুগ্ম-সচিব)